আরও শক্তিশালী হলো ‘গুগল প্লে প্রোটেক্ট’

ব্যবহারকারীরা যাতে নিরাপদ অ্যাপস ব্যবহার করতে পারেন সেজন্য ‘গুগল প্লে প্রোটেক্ট’-কে আরও উন্নত করল গুগল। নতুন আপডেটের মাধ্যমে থার্ড পার্টি অ্যাপ স্ক্যান ও পর্যবেক্ষণে অধিকতর শক্তিশালী হলো এটি।

গুগল প্লে প্রোটেক্ট সম্ভাব্য ক্ষতিকারক অ্যাপগুলো ডাউনলোড করার আগে বিশ্লেষণ করে। অ্যান্ড্রয়েড নিয়মিতভাবে অ্যাপগুলোকে ম্যালওয়্যারের জন্য স্ক্যান করে। যেকোনো খারাপ অ্যাপ আনইনস্টল করার জন্য ব্যবহারকারীকে অনুরোধও করে।

সম্ভাব্য ক্ষতিকারক অ্যাপ্লিকেশন (পিএইচএ) আছে কি না তা নির্ধারণ করতে গুগল প্লে প্রোটেক্ট ক্লাউডভিত্তিক অ্যাপ ভেরিফিকেশন পরিষেবাগুলো ব্যবহার করে। পিএইচএর প্রমাণের জন্য গুগল প্লে প্রোটেক্ট ডিভাইস স্ক্যান করে। তা ডিভাইসের সব অ্যাপ পরীক্ষা করে।

প্লে প্রোটেক্ট ফিচারটি অ্যান্ড্রয়েড স্মার্টফোনকে ম্যালিশিয়াস বা ভাইরাসযুক্ত অ্যাপ থেকে রক্ষা করতে সাহায্য করবে। এক্ষেত্রে, কোনো অ্যাপ ডাউনলোড করার পর, গুগল প্লে প্রোটেক্ট প্রথমে সেটিকে স্ক্যান করবে, যেন অ্যাপটি ব্যবহারের জন্য নিরাপদ কি না তা জানিয়ে দিতে পারে ব্যবহারকারীকে।

এদিকে, প্রযুক্তি-সংশ্লিষ্টরা মনে করছেন এভাবে থার্ড পার্টি অ্যাপের ওপরও গুগল নিয়ন্ত্রণ নিতে চায়। এক বা দুইবার শর্ত লঙ্ঘন করলেই আর অ্যাপে অ্যাক্সেস করা যাবে না। তবে থার্ড পার্টি অ্যাপ স্ক্যান করতে পারলে গুগল অনেক ম্যালওয়্যার বাদ দিতে পারবে। ম্যালওয়্যার বাদ দিতে পারলে অনেকটাই সুবিধা।

সূত্র: ইত্তেফাক

ইনস্টাগ্রামে খুব দ্রুত আপলোড করা যাবে যেকোনো সাইজের ভিডিও

হোয়াটসঅ্যাপের দিকেই মেটার মনোযোগ অনেক বেশি এমনটি নয়। সম্প্রতি ইনস্টাগ্রামেও তারা চমৎকার কিছু ফিচার যুক্ত করতে শুরু করেছে। মেটার মালিকানাধীন প্ল্যাটফর্মটিতে দিন দিন যোগ হচ্ছে নতুন সব ফিচার। এবার ইনস্টাগ্রামের নতুন নোটে সেলফি ভিডিও পোস্ট করার ফিচার নিয়ে পরীক্ষা নিরীক্ষা শুরু করেছে।

খুব দ্রুত ইনস্টাগ্রাম ব্যবহারকারীরা যেকোনো ছোট মাপের বা লুপিং ভিডিওসহ নোটে তাদের ডিফল্ট প্রোফাইলে ফোটো আপডেট করতে পারবেন। যদিও অনেকে জানেন না ইনস্টাগ্রামের একটি সাইজ লিমিট রয়েছে। আপনি কেমন আয়তনের ভিডিও দিচ্ছেন এই প্লাটফর্মে তা বলে দেওয়া আছে। তারপরও অনেকে আপলোড করতে চান অনেক ধরনের ভিডিও। সেগুলো আপলোড করতে গেলে সমস্যার মুখোমুখি হতেই হয়। তবে ইনস্টাগ্রাম জানিয়েছে ব্যবহারকারীরা এখন থেকে ভিডিও-র সঙ্গে টেক্সটের মাধ্যমে যে কোনো মতামত বা চিন্তাভাবনা শেয়ার করতে সক্ষম হবেন।

ব্যবহারকারীরা একটি নোট তৈরি করতে শুরু করলে প্রোফাইল ছবিতে একটি নতুন ক্যামেরা আইকন হাজির হবে। এই আইকন ব্যবহার করে পোস্ট করার জন্য যে কোনো একটি ভিডিও রেকর্ড করতে পারবেন। পাশাপাশি ইনস্টাগ্রাম এমন একটি ফিড নিয়ে পরীক্ষা করছে যা শুধু ভেরিফায়েড পেইড ব্যবহারকারীদেরই পোস্টের অনুমতি দেবে। ইনস্টাগ্রামের প্রধান অ্যাডাম মিসৌরি বলেছেন যে তাদের কোম্পানি ‘ব্যবহারকারীদের জন্য একটি নতুন নিয়ন্ত্রিত এবং ব্যবসায়ীদের নতুন ভাবে আবিষ্কারে সহায়তা করবে।’

সূত্র: ইত্তেফাক

ভিডিও হাইলাইটের নতুন ফিচার গুগল ফটোজে

গুগল ফটোসে পুরনো অনেক ছবি অনলাইনে জমা রাখা যায়। শুধু সংরক্ষণই এই অ্যাপের বা ক্লাউডের কাজ নয়। গুগল ফটোজে এডিটিং ফিচারও কিন্তু কম নেই। তারপরও সোশ্যাল মিডিয়া রেডি ভিডিও আপলোড করার সুবিধা এতদিন এই অ্যাপে ছিল না। তবে এখন থেকে আপনি সোশ্যাল মিডিয়ায় শেয়ার করার জন্য একটি হাইলাইট তৈরি করতে পারবেন।

অনেকেই নিজেদের সোশ্যাল মিডিয়া ফিডের জন্য দ্রুত একটি হাইলাইট ভিডিও তৈরি করতে চান। কিন্তু ফোনে অসংখ্য ফটো এবং ভিডিও থাকে, যার মধ্যে থেকে সেরাটা বেছে নিতে অনেক সময় লাগতে পারে। এর ফলে অনেকেই একটি হাইলাইট ভিডিও তৈরি করতে চাইলেও, তা করা হয়ে ওঠে না।

গুগল ফটোসের নতুন এআই-চালিত ফিচারগুলো ব্যবহারকারীদের দ্রুত হাইলাইট ভিডিও তৈরি করতে সাহায্য করবে এবং এটির জন্য খুবই কম সময় লাগবে। এখন যেকোনো একটি ইভেন্ট বা একটি কার্যকলাপের দ্রুত সংক্ষিপ্ত বিবরণ দিয়ে একটি ভিডিও তৈরি করতে পারবেন। গুগল আপনার বার্তা পাওয়ার সঙ্গে সঙ্গে এমনসব ছবি আপনার গুগল ফটোস থেকে বের করে হাইলাইটস তৈরি করে দেবে। তবে আপাতত এই ফিচার এখনই ফোনে এই সুবিধা দেওয়া হবে না। ফিচারটি অবশ্য আস্তে আস্তে ফোনে আসবে।

সূত্র: ইত্তেফাক

৪০১ টাইপ করলেই বিপদ

কথা বলছেন কাস্টমার কেয়ারের সঙ্গে, সেই কল ফরওয়ার্ড করে পাঠানো হচ্ছে অন্য কাউকে। জানতেই পারবেন না আপনি এইভাবে সম্প্রতি নতুন প্রতারণার ছক তৈরি করেছে সাইবার অপরাধীরা। এই প্রতারণা থেকে সাবধান থাকতে বলল ট্রুকলার। দেশজুড়ে এই অপরাধ কীভাবে ঘটানো হচ্ছে জেনে নিন।

কল ফরওয়ার্ডিং কৌশল ব্যবহার করে গোটা দেশে নতুন প্রতারণা শুরু করেছে সাইবার অপরাধীরা। এই জালিয়াতি যে নতুন তেমনটা নয়, তবে সম্প্রতি এই প্রতারণা বৃদ্ধি পেয়েছে দেশের বিভিন্ন অংশে। যা নিয়ে উদ্বিগ্ন মানুষজন। ইতিমধ্যে এই সম্পর্কিত তথ্য দিয়ে গ্রাহকদের সাবধান করেছে ট্রুকলার।

এই জালিয়াতি সম্পর্কে বহু মানুষকে সাবধান করলেও, অপরাধীরা নিত্য নতুন কৌশল ব্যবহার করে নিরীহ মানুষদের ফাঁদে ফেলছে। অনেকেই বিষয়টি সম্পর্কে না জানার ফলে, খুব সহজে সেই জালিয়াতির শিকার হচ্ছেন।

কল ফরওয়ার্ডিং প্রতারণা কী?
অপরাধীরা প্রথমে, আপনার মোবাইল নেটওয়ার্ক অপারেটর বা ব্রডব্যান্ড সংস্থা থেকে গ্রাহক পরিষেবা প্রতিনিধি বা কাস্টমার কেয়ার সেজে কথা বলার ভান করবে। আপনার মোবাইল নেটওয়ার্ক বা ইন্টারনেট গতিতে কোনও সমস্যা আছে কিনা তা জিজ্ঞেস করবে।

এই পরিস্থিতিতে গ্রাহক তার উত্তর দিলে, তাকে বিভিন্ন অজুহাত দেখানো হবে যেমন সিমকার্ডে কোনও সমস্যা রয়েছে বা অ্যাকাউন্ট হ্যাক হয়েছে ইত্যাদি। এবার দ্রুত সমস্যা সমাধান করার জন্য আপনাকে ৪০১ নম্বরটি ডায়াল করতে বলবে।

এক রিপোর্ট অনুযায়ী, এই নম্বরের মাধ্যমে তাদের কাছে থাকা একটি নম্বরে কল ফরওয়ার্ড করে। তাদের কাছে যে নম্বরটি রয়েছে সেটা তারপর এই ৪০১ নম্বর। এইভাবে তারা গ্রাহকের ফোন নম্বরের অ্যাক্সেস পাওয়ার চেষ্টা করে।

একবার ফোন নম্বরের অ্যাক্সেস পেয়ে গেলে মেসেজিং অ্যাপ, ব্যাংক অ্যাকাউন্ট লগ ইন করার চেষ্টা করতে থাকে। যেহেতু কল ফরওয়ার্ডিং সক্রিয় রয়েছে তাই আপনার ফোনে আসা OTP মেসেজের অ্যাক্সেস পেয়ে যায় তারা।

কল ফরওয়ার্ডিং প্রতারণা হচ্ছে তা আপনি জানতেই পারবেন না। যদিও বিভিন্ন ব্যাংক শক্তিশালী নিরাপত্তা স্তর বজায় রাখে, তবুও ফাঁক ফোকরের মাধ্যমে টাকা লোপাট করার জন্য এই কৌশল ব্যবহার করে সাইবার অপরাধীরা।

আপনি কীভাবে সতর্ক থাকবেন?

এই পরিস্থিতিতে আপনি ৩টি সাবধান বাণী মেনে চলতে পারেন। যাতে কল ফরওয়ার্ডিংয়ের চেষ্টা করলেও তারা আপনাকে প্রতারিত করতে পারবেন না। আর যদি এই জালিয়াতির শিকার হন, তাহলে অবিলম্বে এই পোর্টালে গিয়ে অভিযোগ জানান। ফোন নম্বর থেকে কোনও কোড ডায়াল করবেন না বা সেই কোড SMS পাঠাবেন না। ফোনের নিরাপত্তা নিশ্চিত করতে সর্বদা পাসকোড অথবা ফিঙ্গারপ্রিন্ট/আইরিশ এই ধরনের বায়োমেট্রিক ব্যবহার করুন।

কাস্টমার কেয়ার ফোন করলেও তাকে কোনও ওটিপি বা ব্যক্তিগত তথ্য দেবেন না।

সূত্র: ইত্তেফাক

পুরোনো স্মার্টফোন দিয়ে ভালো ছবি তোলার কৌশল

স্মার্টফোন কেনার পর কয়েক বছরের ব্যবধানে এর কার্যক্ষমতা অনেকটাই কমে আসে। বিশেষ করে সেলফোনের ক্যামেরা দিয়ে আর ভালো ছবি তোলা যায় না। অনেকের ক্যামেরা ঘোলা হয়ে যায়। তবে শুধু ডিভাইস পুরোনো হলেই যে ছবি ঝাপসা হয় তা নয়। এর পেছনে আরও কিছু কারণ রয়েছে।

ব্যবহারকারীদের কিছু ভুল বা গাফিলতির কারণেও ডিভাইসের ক্যামেরা দিয়ে ভালো ছবি তোলা যায় না। তবে এ সমস্যার সমাধান রয়েছে। কয়েকটি বিষয় খেয়াল রাখলে পুরোনো ডিভাইস দিয়েও উন্নতমানের ছবি তোলা সম্ভব।

প্রথমেই সেলফোনে থাকা ক্যামেরা লেন্স ভালোভাবে পরিষ্কার করতে হবে। দীর্ঘদিন ডিভাইস ব্যবহার করলেও ক্যামেরার অংশ পরিষ্কারের বিষয়ে অধিকাংশ মানুষই অসচেতন। পরিষ্কার না থাকলে ক্যামেরার লেন্স ঘোলা হয়ে যায় এবং ছবি ঘোলা ওঠে। তাই ক্যামেরা ঘোলা হয়ে গেছে কিনা সেটি যাচাই করতে হবে এবং মাইক্রোফাইবার দিয়ে পরিষ্কার করে নিতে হবে।

অন্ধকারে বা কম আলোয় ছবি তোলা সবসময়ই কষ্টসাধ্য। সে সময় ছবি ঘোলা আসা স্বাভাবিক। তাই পর্যাপ্ত আলো না থাকলে ছবি না তোলাই ভালো। এজন্য সেলফোনে ব্রাইটনেস বাড়িয়ে দেওয়া যায়। এতে করে যে ছবিটি তোলা হয়েছে তা সহজে বোঝা যাবে। ছবির মানও ভালো থাকবে।

ছবি তোলার আগে ডিভাইস ক্যামেরার সেটিংস দেখতে হবে। বর্তমান সময়ের স্মার্টফোনে পোর্ট্রেইট, ল্যান্ডস্কেপ, নাইট মোডসহ বিভিন্ন অপশন রয়েছে। একেক সময়ে ছবি তোলার জন্য এসব অপশন ব্যবহার করা যায়। তবে রাতে ছবি তোলার জন্য নাইট মোড ব্যবহার করা ভালো।

হাই কনট্রাস্টে ছবি তুলতে হলে এইচডিআর মোড নির্বাচন করে নিতে হবে। এছাড়া ফটোতে ক্লিক করার সময় স্ক্রিনে ট্যাপ করে ম্যানুয়ালি এক্সপোজার ও ফোকাস ঠিক করুন। এতে ছবি ভালো আসবে।

সূত্র: ইত্তেফাক

ইউটিউব থেকে স্বয়ংক্রিয়ভাবে তোলা যাবে ভিডিওর ছবি

ইউটিউবে ভিডিও দেখার সময় পছন্দের দৃশ্যের ছবি সংরক্ষণের জন্য স্ক্রিনশট নেন অনেকেই। তবে স্ক্রিনশট নেওয়া ছবির রেজল্যুশন কম থাকায় মান ভালো হয় না। এর ফলে ছবিগুলো চাইলেই সব কাজে ব্যবহারের সুযোগ মেলে না। এ সমস্যা সমাধানে বিভিন্ন প্রতিষ্ঠানের তৈরি ব্রাউজার এক্সটেনশন ব্যবহার করতে হয়। কিন্তু বিভিন্ন প্রতিষ্ঠানগুলোর তৈরি এক্সটেনশন ব্যবহার করলে তথ্য চুরিসহ সাইবার হামলার ঝুঁকি থাকে। আর তাই ব্যবহারকারীদের নিরাপত্তা দিতে বিল্ট ইন স্ক্রিনশট সুবিধা চালু করতে যাচ্ছে ইউটিউব। নতুন এ সুবিধা চালু হলে কোনো ব্রাউজার এক্সটেনশন ব্যবহার না করেই ইউটিউবে চালু থাকা ভিডিওর নির্দিষ্ট অংশের ভালোমানের ছবি তোলা যাবে।

স্বয়ংক্রিয়ভাবে ভিডিওর নির্দিষ্ট অংশের ছবি তোলার জন্য প্রথমে ইউটিউবের ওয়েবসাইটে প্রবেশ করে নির্দিষ্ট ভিডিও চালু করতে হবে।

এরপর পছন্দের দৃশ্য পর্দায় দেখা গেলে ভিডিও থামিয়ে মাউসের ডানে ক্লিক করে ‘সেভ ভিডিও ফ্রেম অ্যাজ’ অপশন নির্বাচন করলেই কম্পিউটারে স্ক্রিনশটটি সংরক্ষণ হয়ে যাবে। স্ক্রিনশট নেওয়া ছবিগুলোর রেজল্যুশন উন্নতমানের হওয়ায় চাইলেই সেগুলো বিভিন্ন কাজে ব্যবহারের পাশাপাশি বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে আদান-প্রদান করা যাবে।

নতুন এ সুবিধা এর মধ্যে নির্দিষ্টসংখ্যক ব্যবহারকারীদের ওপর পরখ করছে ইউটিউব। প্রযুক্তি বিশ্লেষকদের ধারণা, ইউটিউবের বিল্ট ইন স্ক্রিনশট সুবিধা প্রাথমিকভাবে কম্পিউটার ব্যবহারকারীদের জন্য চালু করা হতে পারে। পর্যায়ক্রমে ইউটিউবের সব ব্যবহারকারীদের জন্য এ সুবিধা উন্মুক্ত করা হবে।

সূত্র: ম্যাশেবল

হোয়াটস অ্যাপে আসছে পাসকি

হোয়াটসঅ্যাপ ব্যবহাকারীদের নিরাপত্তার জন্য কিছুদিন পর পরই নতুন ফিচার যুক্ত করছে। এবার হোয়াটসঅ্যাপে যুক্ত হচ্ছে পাসকি। অর্থাৎ এখন থেকে নাম কিংবা সংখ্যায় হোয়াটসঅ্যাপে পাসওয়ার্ড দিতে হবে না।

পাসকিগুলো ব্যবহাকারীদের জন্য প্রক্রিয়াটিকে স্ট্রিমলাইন করে, আপনার হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্টগুলো আনলক করতে এবং অ্যাক্সেস পেতে শুধু আপনার মুখ, আঙুলের ছাপ বা পিন প্রয়োজন। এভাবে ব্যবহারকারীর নাম ও পাসওয়ার্ড ফিশিং আক্রমণের সুরক্ষা পায়। এমনকি পাসকি ব্যবহারকারীর মেসেজিং অ্যাপ অ্যাকাউন্টে লগ ইন করার জন্য তার শারীরিক উপস্থিতি প্রয়োজন হয়।

এরই মধ্যে সংস্থাটি তার বিটা চ্যানেলে এই ফিচারটি পরীক্ষা করে চলেছে। এই পাসকিগুলি লগইন প্রক্রিয়ার স্বাচ্ছন্দ্য ও নিরাপত্তা বাড়াবে। মেটা-মালিকানাধীন পরিষেবাটি হাইলাইট করেছে এই নতুন ফিচার ধীরে ধীরে চালু করা হবে। তবে শুরুতে অ্যান্ড্রয়েড ব্যবহারকারীরাই এই সুবিধা পাবেন।

সূত্র: ইত্তেফাক

মাইক্রোসফটে আসছে নতুন আপডেট

২০২০ সালে বিজ্ঞানীরা সিদ্ধান্ত নেন, জিনের ডাটা সংরক্ষণে আলফানিউমেরিক সিম্বলে বদল আনার। কারণ এক্সেলের একটি ফিচার ডাটাগুলোকে রিসেট করে দিচ্ছিল। এই সিকোয়েন্সের নামগুলোকে তারা তারিখ হিসেবে চিহ্নিত করে। সম্প্রতি মাইক্রোসফট নতুন আপডেট নিয়ে আসছে। অটোমেটিক কনভারসনের এই ফিচারের বিষয়টি ঠিক করতে কাজ শুরু করেছে মাইক্রোসফট।

এই ফিচারের কিছু সমস্যা রয়েছে। কারণ যখন অটোমেটিক কনভারসন হয় তখন সিম্বল বা নিউমেরিক ডাটায় পরিবর্তন এনে ফেলে। এই পরিবর্তন হয়তো অনেক সময় এত লক্ষ্যনীয় না। কিন্তু বৈজ্ঞানিক জার্নালে পাবলিশ করলে ও সামান্য ডাটা পরিবর্তনও অনেক বড় পার্থক্য গড়ে দেয়।

গত বছর কোম্পানিটি এক্সেলে ডাটাশিট যখন এমন পরিবর্তন করবে তখন যেন ব্যবহারকারীকে সতর্ক করে দেয় এমন একটি ফিচার যুক্ত করে। নতুন আপডেটের মাধ্যমে এই সমস্যার চিরতরে অবসান হবে বলে জানা গেছে।

সূত্র: দ্য ভার্জ

মোবাইলে সেরা ৭ ক্রিকেট গেম

ক্রিকেট বিশ্বকাপ ২০২৩ শুরু হওয়ার সঙ্গে সঙ্গে চারপাশে উত্তেজনার হাওয়া বইছে। একদিকে ক্রিকেটপ্রেমীরা যখন মাঠের প্রতিটি বাউন্ডারি, প্রতিটি উইকেট ও অধিনায়কের কৌশল পরিবর্তন দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে, তখন অন্যদিকে ডিজিটাল মাঠের ক্রিকেটও তাদের মনোযোগ আকৃষ্ট করছে। আজকের লেখায় আইওএস ও অ্যান্ড্রয়েডের সেরা ৭ মোবাইল ক্রিকেট গেম নিয়ে আলোচনা করা হয়েছে।

ওয়ার্ল্ড ক্রিকেট চ্যাম্পিয়নশিপ থ্রি (ডব্লিউসিসি থ্রি) ডব্লিউসিসি থ্রিতে ক্রিকেটের বাস্তব অভিজ্ঞতা পাওয়া যাবে। অভিনব কন্ট্রোলের কারণে গেমটি খুব সহজেই খেলা যায়। পাশাপাশি এতে রয়েছে পেশাদারি ধারাভাষ্য। এতে মালটিপ্লেয়ার গেমিং সুবিধা থাকায় বন্ধুদের বা অন্য দেশের গেমারদেরও চ্যালেঞ্জ করা যায়।

ডব্লিউসিসি রাইভালস
ডব্লিউসিসি রাইভালস অনেকটা রিয়েল ক্রিকেট টুয়েন্টির মতোই অভিজ্ঞতা দেয়। এখনো খুব বেশি মানুষ এই গেমটি সম্পর্কে না জানলেও দ্রুত এর জনপ্রিয়তা বাড়ছে।

ওয়ার্ল্ড ক্রিকেট ব্যাটল টু
অ্যান্ড্রয়েড ব্যবহারকারীদের জন্য সেরা ক্রিকেট গেমের তালিকায় ওয়ার্ল্ড ক্রিকেট ব্যাটল টু বারবার উঠে আসে। এটি বেশিরভাগ অ্যান্ড্রয়েড ফোনে কোনো ঝামেলা ছাড়াই খেলা যায়।

শচীন সাগা ক্রিকেট চ্যাম্পিয়ন
ক্রিকেটের অন্যতম সেরা কিংবদন্তি শচীন টেন্ডুলকারের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই গেমের নাম রাখা হয়েছে ‘শচীন সাগা ক্রিকেট চ্যাম্পিয়ন’। গেমারদের অভিজ্ঞতাকে ভিন্ন পর্যায়ে নিয়ে যেতে এই গেমে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। সাম্প্রতিক সময়ে এই গেমটি মোবাইল গেমারদের কাছে অত্যন্ত জনপ্রিয়তা পেয়েছে।

রিয়েল ক্রিকেট টুয়েন্টি
মোবাইল ক্রিকেট গেমারদের কাছে রিয়েল ক্রিকেট টুয়েন্টি বেশ পরিচিত একটি নাম। এটি অ্যান্ড্রয়েডের সেরা ক্রিকেট গেমের অন্যতম। রিয়েল ক্রিকেট টুয়েন্টি খেলার সময় ক্রিকেট মাঠে উপস্থিত থেকে রান করার বা উইকেট নেওয়ার মতো অভিজ্ঞতা পাওয়া যায় বলে উল্লেখ করেছেন গেমাররা।

স্টিক ক্রিকেট সুপার লিগ
বাস্তব উপস্থাপনা থেকে কিছুটা ভিন্ন ভিজ্যুয়ালের অভিজ্ঞতা দিতে পারে স্টিক ক্রিকেট সুপার লিগ। মোবাইল ডিভাইসের সেরা ক্রিকেট গেমের তালিকায় এটির নাম প্রায়ই শোনা যায়। বিশেষ ক্রিকেট হিসেবে এই গেম থেকে অনেকে বিনোদন পেতে পারেন।

এই গেমটিতে বাস্তবসম্মত গ্রাফিক্সের বদলে কিছুটা কার্টুনের মতো গ্রাফিক্স ব্যবহার করা হয়েছে। তবে এতে আকর্ষণ গেমটির কমে যায়নি

এক বিন্দুও। মোবাইল প্ল্যাটফর্মে বারবার অন্যতম সেরা ক্রিকেট গেমের তালিকায় স্টিক ক্রিকেটের বিভিন্ন সংস্করণ স্থান পেয়ে এসেছে।

ক্রিকেট লিগ
অ্যান্ড্রয়েডের সেরা ক্রিকেট গেমের তালিকায় ক্রিকেট লিগ এক কঠিন প্রতিযোগী। এই গেমে একাধিক গেমপ্লে অপশন রয়েছে, যা অন্য কিছু গেমে পাওয়া যায় না।

একসময় মোবাইল ক্রিকেট গেম শুধুমাত্র অবসর কাটানোর উপায় হিসেবে ধরা হতো। তবে বর্তমানে যেসব মোবাইল গেম পাওয়া যায়, সেগুলো অনেকাংশেই লাইভ ম্যাচের উত্তেজনা, কৌশল ও রোমাঞ্চের প্রতিফলন ঘটানোর অত্যাধুনিক প্ল্যাটফর্মে রূপান্তরিত হয়েছে। তাই অনেকের কাছে মোবাইল ক্রিকেট গেম বিশ্বকাপ অভিজ্ঞতার অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে। বিশ্বকাপের বাকি রয়েছে আরও প্রায় এক মাস। বাংলাদেশের খেলা রয়েছে ছয়টি। সব মিলিয়ে বলা যায়, বাকি দিনগুলোতে মাঠের খেলার পাশাপাশি ডিজিটাল স্ক্রিনেও ক্রিকেট খেলা উপভোগে আগ্রহী হবেন গেমার ও মোবাইল ব্যবহারকারীরা।

সূত্র: ইত্তেফাক

চ্যানেল ফিচার চালু হবে ফেসবুক-মেসেঞ্জারে

বেশিদিন হয়নি, হোয়াটসঅ্যাপে ব্রডকাস্ট ফিচার চালু করেছে মেটা। এর আগে ছবি ও ভিডিও শেয়ারিং প্ল্যাটফর্ম ইনস্টাগ্রামেও ‘চ্যানেল’ সুবিধা চালু করা হয়। এবার সেই দৌড়ে নতুন সংযোজন ফেসবুক-মেসেঞ্জার।

মেটা কর্তৃপক্ষের বরাত দিয়ে রয়টার্স জানিয়েছে, অনলাইনে গ্রাহক সংখ্যা বাড়ায় বিভিন্ন প্লাটফর্মের মধ্যে প্রতিযোগিতা চলছে। গ্রাহকদের আকৃষ্ট করতে নতুন নতুন ফিচার যুক্ত করতেই হচ্ছে। প্রতিযোগিতায় টিকে থাকতে নতুন ফিচার চালুর ঘোষণা দিয়েছে মেটা।

বর্তমানে মেটা বিভিন্ন পেজের জন্য ব্রডকাস্ট চ্যানেল তৈরির সুবিধা পরীক্ষা করছে।

ওই প্রতিবেদন থেকে জানা যায়, অক্টোবরের শেষের দিকে ফেসবুক ও মেসেঞ্জারে ব্রডকাস্ট চ্যানেল চালু হতে পারে। নতুন চ্যানেলে আয়ের সুবিধাও থাকবে। নতুন এ সুবিধা চালু হলে কনটেন্ট নির্মাতারা সরাসরি ফলোয়ারদের কাছে মেসেজ, ছবি পাঠানোর পাশাপাশি বিভিন্ন বিষয়ে জরিপ করতে পারবেন।

সেপ্টেম্বরে হোয়াটসঅ্যাপের জন্য জন্য চ্যানেল ফিচার চালু করে মেটা। হোয়াটসঅ্যাপ চ্যানেল সকলের জন্য উন্মুক্ত। এখানে ব্যবহারকারীরা নিজের চ্যানেল বানিয়ে কমিউনিটি তৈরির সুযোগ পাবে। সোশ্যাল মিডিয়ায় পরিচিতির পাশাপাশি বেশ কিছু উপায় রয়েছে যার মাধ্যমে অর্থ উপার্জনও করতে পারবেন। এদিকে চলতি বছরের শুরুতে অর্থের বিনিময়ে ফেসবুক ও ইনস্টাগ্রাম ব্যবহারকারীদের অ্যাকাউন্ট ভেরিফাইড করার সুযোগ দেয় মেটা। এরপর থেকে বিভিন্ন নতুন নতুন ফিচার নিয়ে হাজির হচ্ছেন মেটার প্রধান নির্বাহী মার্ক জাকারবার্গ।

সূত্র: রয়টার্স